

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ২৪, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৩শে ডিসেম্বর ২০০২/৯ই পৌষ ১৪০৯

এস, আর, ও নং ৩৫৯-আইন/২০০২—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২৯২-আইন/২০০২, তারিখ ২৬ অক্টোবর, ২০০২ ইং মোতাবেক ১১ কার্তিক, ১৪০৯ বাং দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য রাজশাহী জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু Paurashava Ordinance, 1977(Ordinance No. XXVI of 1977)এর section 4(a)তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ৮ই পৌষ, ১৪০৯ বাংলা মোতাবেক ২২শে ডিসেম্বর, ২০০২ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল ; এই মিউনিসিপ্যালিটি দুর্গাপুর মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

(৫২৭৩)

মূল্য ৪ টাকা ১.০০

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	পানানগর	সানপুকুরিয়া	৭৭	১—২৪০৮
(২)	পানানগর	দেবীপুর	৭৬	১—৭৩০৪
(৩)	পানানগর	দুর্গাপুর কালিদহ	৭৪	১—২২২৬
(৪)	পানানগর	হরিপুর	১০৩	১—৮২৭
(৫)	পানানগর	কাঁচুপাড়া	১০২	১—৩৭৬
(৬)	পানানগর	সাকলগাছি	১০১	১—১৮৯৬
(৭)	পানানগর	পাইকড়তলী	৯৬	১—৮৩০
(৮)	পানানগর	ধরমপুর(আংশিক)	৯৫	১—২৩২৮, ২৭২৮—২৯২৭, ৩৭৭৮—৪৬৩৫
(৯)	মাড়িয়া	বরিনদবাশাইল	১০৬	১—৯৮৯
(১০)	মাড়িয়া	রৈপাড়া	১০৭	১—৩৩০০
(১১)	মাড়িয়া	সিংগা	১০৫	১—২১৫৪
(১২)	মাড়িয়া	বহরমপুর	১০৪	১—১৭২২
(১৩)	মাড়িয়া	জয়কৃষ্ণপুর (আংশিক)	১১১	১—১০১৪
(১৪)	ঝালুকা	চৌ-পুকুরিয়া(আংশিক)	৭১	১—২৪৬৮
(১৫)	ঝালুকা	নান্দোপাড়া	৭০	১—৯৭২
(১৬)	দেলুয়াবাড়ী	শালঘরিয়া	৭৫	১—৩৩৬৭
(১৭)	দেলুয়াবাড়ী	ধোপাপাড়া	৫০	১—৩৩০
(১৮)	দেলুয়াবাড়ী	শ্রীপুর	৭২	১—১১৫৮
(১৯)	দেলুয়াবাড়ী	গোরখাই	৭৩	১—২৩১০

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন সরকার
উপ-সচিব (পৌর)।

শেখ মোঃ মোবারক হোসেন, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।